

বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন কার্যক্রম

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, জনকল্যাণ মূলক পরিকল্পনা গ্রহণ ও আধুনিক প্রযুক্তি বিকাশের লক্ষ্যে বিএসইসি'র প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণ করা হয়েছেঃ-

ক. পরিকল্পনা t তেজগাঁওস্থ প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ- এর জায়গায় সার্ভিস সেন্টার, ওয়ার্কশপ-কাম শোরুমসহ বহুতল ভবন নির্মাণ প্রকল্প

বাস্তবায়ন অগ্রগতিঃ

- প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে শিল্প মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদন পাওয়া গেছে। শিল্প প্লটকে বাণিজ্যিক প্লটে রূপান্তরের করার জন্য শিল্প মন্ত্রণালয়ে এবং শিল্প মন্ত্রণালয় হতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি শেষোক্ত মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে।

খ. পরিকল্পনা t ইস্টার্ন টিউবস লিমিটেডের কারখানায় LED উৎপাদন ও ফ্লোরেসেন্ট টিউব লাইট উৎপাদন প্রক্রিয়া আধুনিকায়ন প্রকল্প

বাস্তবায়ন অগ্রগতিঃ

- ইস্টার্ন টিউবস লিমিটেডের কারখানায় LED উৎপাদন ও ফ্লোরেসেন্ট টিউব লাইট উৎপাদন প্রক্রিয়া আধুনিকায়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত DPP প্রনয়ণ করা হয়েছে, যার আনুমানিক ব্যয় ৪০.৪৫ কোটি টাকা। উক্ত প্রকল্প টি Planning commission এবং শিল্প মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উল্লেখ্য যে প্রকল্পটি বর্তমানে অননুমোদিত প্রকল্প হিসেবে সবুজ পাতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

গ. পরিকল্পনা t চিটাগাং ড্রাইডক লিমিটেড-এ প্যানাম্যাক্স সাইজের জাহাজ মেরামতের লক্ষ্যে নতুন ড্রাইডক নির্মাণ প্রকল্প

বাস্তবায়ন অগ্রগতিঃ

- চিটাগাং ড্রাইডক লিমিটেড-এ বৃহদাকার জাহাজ মেরামতের লক্ষ্যে নতুন ড্রাইডক নির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে ডিপিপি প্রণয়ন করা হয়েছে, যার আনুমানিক ব্যয় ৪৭৬.৬১ কোটি টাকা। শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের জনবল নির্ধারণের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক জনবল সংক্রান্ত সুপারিশ প্রাপ্তির পর সুপারিশের আলোকে ডিপিপি পূর্নগঠন করে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।